

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরেবাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/১৩

তারিখঃ ০১/০১/২০১৮ খ্রিঃ


নিয়োগ আদেশ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ০৪ অক্টোবর, ২০১৭ তারিখের ০৯.০০.০০০০.০৭৩.১১.০০৬.১৭/২৮৬ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত ৪ (চার) জন প্রার্থীকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে অফিস সহায়ক পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০ তম গ্রেড-এর ৮২৫০-২০০১০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	প্রার্থীর স্থায়ী ঠিকানা
১.	১০৩০৭৬২১	জনাব মোঃ আশরাফুল ইসলাম পিতাঃ মৃত এমাজ উদ্দিন মোল্লা	গ্রামঃ দমদমা, ডাকঘরঃ পানানগর উপজেলাঃ পুঠিয়া, জেলাঃ রাজশাহী
২.	১০৩০৮৯১২	জনাব আবুল কালাম আজাদ পিতাঃ জুনাব আলী	গ্রামঃ পোড়াবাড়ী, ডাকঘরঃ বটতলা বাজার উপজেলাঃ মুক্তাগাছা, জেলাঃ ময়মনসিংহ।
৩.	১০৩০৬৯৫৪	জনাব মোঃ ইমরান হোসেন পিতাঃ মোঃ হানিফ জমাদ্দার	গ্রামঃ শিকারপুর, ডাকঘরঃ শিকারপুর উপজেলাঃ উজিরপুর, জেলাঃ বরিশাল
৪.	১০৩০৭১৬৮	জনাব হাবিবুর রহমান পিতাঃ মোঃ আইজুদ্দিন	গ্রামঃ মল্লিকপুর, ডাকঘরঃ রাজশাহী সুগার মিলস্ উপজেলাঃ পবা, জেলাঃ রাজশাহী


২। শর্তাবলীঃ

- তাকে ০২ বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে।
- সন্তোষজনক পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। অন্যথায় এ নিয়োগ বাতিল করা হবে।
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।
- তাকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদনের মূল কপিসহ চাকরিতে যোগদান করতে হবে।
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- প্রার্থীকে নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতিশ্রুতিরসহ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে দাখিলকৃত সনদপত্রের বিষয়ে ভিন্ন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল করা হবে।
- চাকরিতে যোগদানের সময় সরকার নির্ধারিত ফরমে সম্পদের বিবরণী দাখিল করতে হবে।
- তাকে আগামী ১০ জানুয়ারি, ২০১৮ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসন-২ শাখা (ব্লক নং-১০, কক্ষ নং-২৫, তৃতীয় তলা, শেরে বাংলা নগর, ঢাকা)-তে যোগদান করতে হবে।
- তালিকাভুক্ত প্রার্থীগণ প্রতিবন্ধী কোটায় এবং আনসার-ভিডিপি প্রশিক্ষণ গ্রহণকারী মর্মে আবেদন করেছেন। তাঁদের সংশ্লিষ্ট সনদপত্র যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। এ সংক্রান্ত সনদপত্রের সঠিকতা সম্পর্কে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে তাঁর এই অস্থায়ী নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তিনি বেতন-ভাতাসহ গৃহীত সমুদয় অর্থ/সুবিধা প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করবেন।


(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক,----- (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। সিভিল সার্জন,----- (স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হলো)
- ✓ ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)
- ৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ৯। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০। যুগ্ম-সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১১। সংশ্লিষ্ট নথি/ব্যক্তিগত নথি।


(আসিফ আনাম সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব